বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০
ফোন ঃ ৯৫৭৪০২৫

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(২১)অংশ-২/লটারি/২০১৮-২০১৯/১০৩৯(১২৫০) তারিখঃ ২৪/১২/২০১৮খ্রিঃ

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ বাংলাদেশ ক্যান্সার সোসাইটি হস্পিটাল এন্ড ওয়েলফেয়ার হোম লটারি-২০১৮ এর টিকিট বিক্রয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ক্যান্সার সোসাইটি হস্পিটাল এন্ড ওয়েলফেয়ার হোম কর্তৃক শুধুমাত্র অবহেলিত সুবিধাবঞ্চিত ক্যান্সার রোগীদের সর্বাত্মক সেবা প্রদানের জন্য তহবিল সংগ্রহের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত শর্তে বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে লটারির টিকিট বিক্রয়ের নিমিত্তে ১,০০,০০০(এক লক্ষ) টিকিট সরবরাহ করা হয়েছেঃ

(ক) প্রতিটি টিকিটের মূল্য ২০.০০(বিশ) টাকা মাত্র।
(খ) টিকিট বিক্রয়লব্ধ অর্থের উপর ৩০% হারে কমিশন দেয়া হবে।
(গ) লটারী টিকিট বিক্রয় শুরু ২৩-১২-২০১৮ থেকে ০৫-০২-২০১৯ তারিখ পর্যন্ত এবং অবিক্রিত টিকিটসমূহ (যদি থাকে) ১০/০২/২০১৯ তারিখের মধ্যে ফেরত দিতে হবে।
(ঘ) আগামী ১৯-০২-২০১৯ খ্রিঃ তারিখে লটারী ড্র অনুষ্ঠিত হবে।
(ঙ) কমিশন বাদে টিকিট বিক্রয়লব্ধ অর্থ পে-অর্ডার/ডিডির মাধ্যমে "বাংলাদেশ ক্যান্সার সোসাইটি লটারী-২০১৮,চলতি হিসাব নং-১৬২৮৭০২০০০৭৫০, সোনালী ব্যাংক লিঃ, কল্যাণপুর শাখা, মিরপুর, ঢাকা-১২১৬(মোবাইল নং-০১৯৪৭১৫৭৭৫৭) এই ঠিকানায় প্রেরণ করতে হবে।
(চ) টিকিট বিক্রয়ের কমিশন বিক্রয়লব্ধ অর্থ হতে প্রদত্ত হবে এবং সরকার নির্ধারিত ভ্যাট বাংলাদেশ ক্যান্সার সোসাইটি হস্পিটাল এন্ড ওয়েলফেয়ার হোম কর্তৃক পরিশোধ করা হবে।

০৩। টিকিট বিক্রয় ও হিসাব পদ্ধতি ঃ

(ক) শাখাসমূহের করণীয় ঃ

(১) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে লটারি টিকিট পাওয়ার সাথে সাথে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের মাধ্যমে সমূদয় টিকিট বিক্রয় করে এ খাত হতে সর্বোচ্চ পরিমাণ কমিশন আয় অর্জন নিশ্চিত করতে হবে।
(২) প্রতিটি শাখা একটি রেজিষ্টারে তারিখওয়ারী লটারী টিকিট বিক্রয়ের হিসাব সংরক্ষণ করবে।
(৩) টিকিট বিক্রয়লব্ধ অর্থের ১৫% বিক্রেতা কর্মকর্তা/কর্মচারীর কমিশন কেটে রেখে বাকী অর্থ শাখার ৪১-প্রদেয় হিসাব, ১০ বিবিধ খাতে জমা করতে হবে।
(৪) সকল টিকিট বিক্রয় করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে, যাতে কোন টিকিট অবিক্রিত না থাকে। শাখা সর্বশেষ ০৫/০২/২০১৯ তারিখ পর্যন্ত টিকিট বিক্রি করবে এবং দিন শেষে বিক্রয়লব্ধ অর্থ হতে শাখার ৩০% কমিশন কেটে রেখে বাকী অর্থের ১টি মাত্র পুনশ্চঃ ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ১১৫ বিকেবি, আঞ্চলিক হিসাবে অঞ্চলের প্রধান শাখার উপর ইস্যু করে শাখা কর্তৃক তাদের স্ব-স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে।
(৫) কর্পোরেট শাখা সর্বশেষ ০৫-০২-২০১৯ তারিখ শেষে বিক্রয়লব্ধ অর্থ হতে ৩০% কমিশন কেটে রেখে বাকী অর্থের ১টি মাত্র পুনশ্চঃ ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস সরাসরি স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকার উপর ইস্যু ও প্রেরণ নিশ্চিত করবে।
(৬) শাখার ১৫% কমিশনের টাকা ৪৬-আয় ১৩ বিবিধ খাতে জমা করতে হবে।
(৭) সরকার নির্ধারিত ভ্যাট বাংলাদেশ ক্যান্সার সোসাইটি হস্পিটাল এন্ড ওয়েলফেয়ার হোম কর্তৃক পরিশোধ করা হবে।
(৮) কোন শাখা উপরোক্ত পদ্ধতি অনুসরণে ব্যর্থ হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখাকেই বহন করতে হবে।

(খ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের করণীয় ঃ

(১) বিভাগীয় কার্যালয় হতে বরাদ্দকৃত লটারির টিকিট পাওয়ার সাথে সাথেই বিক্রয়ের সম্ভাব্যতা অনুযায়ী শাখাসমূহের মধ্যে বন্টন করে দিতে হবে।
(২) অঞ্চলাধীন সকল শাখা থেকে প্রাপ্ত এ্যাডভাইসগুলো একীভূত করে অঞ্চলের প্রধান শাখায় জমা দিয়ে অঞ্চলাধীন শাখার টিকিট বিক্রয়লব্ধ অর্থের ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ১১১৪ বিকেবি, সাধারণ হিসাবের মাধ্যমে এলপিও এর উপর জারী করে প্রদত্ত ছক-ক মোতাবেক মুখ্য অঞ্চল/অঞ্চলের জন্য একটি সমন্বিত প্রতিবেদনসহ ০৬/০২/২০১৯ তারিখের মধ্যে এলপিও বরাবরে জিইপি/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করতে হবে।

(চলমান পাতা-২)

(৩) কোন অবস্থাতেই মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ একাধিক এ্যাডভাইস প্রেরণ করবে না, অধীনস্থ সকল শাখার এ্যাডভাইস সংগ্রহপূর্বক একটি ক্রেডিট এ্যাডভাইস এলপিও-তে প্রেরণ করতে হবে।

(৪) শাখা থেকে প্রাপ্ত প্রতিবেদনের কপি এলপিও বা অন্য বিভাগে প্রেরণের প্রয়োজন নেই।

(৫) কর্পোরেট শাখাসমূহকেও নিম্নে প্রদত্ত ছকে একটি প্রতিবেদন ০৬/০২/২০১৯ তারিখের মধ্যে এলপিও বরাবরে জিইপি/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

মুখ্য অঞ্চল/অঞ্চল/শাখার নাম ঃ ছক-ক

| ক্রঃ নং | টিকিটের সিরিজ নং | বরাদ্দকৃত টিকিটের নং | | বরাদ্দকৃত টিকিটের সংখ্যা | বিক্রিত টিকিটের সংখ্যা | এ্যাডভাইসে উল্লেখিত টাকার পরিমান | অবিক্রিত টিকিটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

০৪। স্থানীয় মুখ্য কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ে লটারীর টিকিটের বরাদ্দ নীচে দেয় হলো। বিভাগীয় কার্যালয়সমূহ বরাদ্দকৃত টিকিট অঞ্চলওয়ারী বন্টণ করে অঞ্চলসমূহে দ্রুততার সাথে সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করবে।

বিভাগওয়ারী লটারির টিকিট বরাদ্দ

| ক্রমিক নং | বিভাগের নাম | সিরিজ | সিরিজ সংখ্যা | বরাদ্দকৃত টিকিট | | টিকেটের সংখ্যা | মোট বরাদ্দ টিকেট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | হতে | পর্যন্ত | | |
| ০১ | কুষ্টিয়া | ক-ঞ | ১০টি | ০২৪৪০০১ | ০২৪৫০০০ | ১০০০ X১০ | ১০০০০ |
| ০২ | ময়মনসিংহ | ক-ঞ | ১০টি | ০২৪৫০০১ | ০২৪৬০০০ | ১০০০ X১০ | ১০০০০ |
| ০৩ | কুমিল্লা | ক-ঞ | ১০টি | ০২৪৬০০১ | ০২৪৭০০০ | ১০০০ X১০ | ১০০০০ |
| ০৪ | বরিশাল | ক-ঞ | ১০টি | ০২৪৭০০১ | ০২৪৮০০০ | ১০০০ X১০ | ১০০০০ |
| ০৫ | চট্টগ্রাম | ক-ঞ | ১০টি | ০২৪৮০০১ | ০২৪৯০০০ | ১০০০ X১০ | ১০০০০ |
| ০৬ | সিলেট | ক-ঞ | ১০টি | ০২৪৯০০১ | ০২৫০০০০ | ১০০০ X১০ | ১০০০০ |
| ০৭ | ফরিদপুর | ক-ঞ | ১০টি | ০২৫০০০১ | ০২৫১০০০ | ১০০০ X১০ | ১০০০০ |
| ০৮ | খুলনা | ক-ঞ | ১০টি | ০২৫১০০১ | ০২৫২০০০ | ১০০০ X১০ | ১০০০০ |
| ০৯ | ঢাকা | ক-ঞ | ১০টি | ০২৫২০০১ | ০২৫৩৯০০ | ১৯০০ X১০ | ১৯০০০ |
| ১০ | এলপিও | ক-ঞ | ১০টি | ০২৫৩৯০১ | ০২৫৪০০০ | ১০০ X১০ | ১০০০ |
| | | | | | | সর্বমোটঃ | ১,০০,০০০ |

০৫। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ স্থানীয় মুখ্য কার্যালয় থেকে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রাপ্ত বরাদ্দকৃত টিকিট বিক্রয়ের সম্ভাব্যতা অনুযায়ী তাঁদের আওতাধীন কর্পোরেট শাখা, মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহে বন্টণ ও সরবরাহ করবেন এবং অঞ্চলওয়ারী বন্টনের একটি কপি স্থানীয় মুখ্য কার্যালয়ে প্রেরণ করবেন। স্থানীয় মুখ্য কার্যালয় উপরোক্ত বরাদ্দ অনুযায়ী বরাদ্দকৃত টিকিট বিভাগীয় কার্যালয়সমূহে দ্রুত কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ নিশ্চিত করবে। এছাড়াও স্থানীয় মুখ্য কার্যালয় সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখা থেকে প্রাপ্ত টিকিট বিক্রয়লব্ধ সমূদয় অর্থ "বাংলাদেশ ক্যান্সার সোসাইটি লটারী-২০১৮,চলতি হিসাব নং-১৬২৮৭০২০০০৭৫০, সোনালী ব্যাংক, কল্যাণপুর শাখা, মিরপুর, ঢাকা-১২১৬(মোবাইল নং-০১৯৪৭১৫৭৭৫৭)" এই ঠিকানায় প্রেরণ করতে হবে।

০৬। অবিক্রিত টিকিট ফেরত প্রদান ঃ

অবিক্রিত টিকিট (যদি থাকে)(ক)শাখাসমূহ ০৫/০২/২০১৯ তারিখের মধ্যে (বিক্রয়লব্ধ অর্থের ক্রেডিট এ্যাডভাইসসহ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা থেকে প্রাপ্ত অবিক্রিত টিকিটসমূহ ০৬/০২/২০১৯ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। (খ) কর্পোরেট শাখাসমূহ সরাসরি তাদের অবিক্রিত টিকিট(যদি থাকে) ০৬/০২/২০১৯ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। (গ) বিভাগীয় কার্যালয় ০৭/০২/২০১৯ তারিখের মধ্যে সকল অবিক্রিত টিকিট স্থানীয় মুখ্য কার্যালয়ে ফেরত প্রদান নিশ্চিত করবে। (ঘ) স্থানীয় মুখ্য কার্যালয় সর্বশেষ ১০/০২/২০১৯ তারিখের মধ্যে অবিক্রিত টিকিট এবং টিকিট বিক্রয়লব্ধ অর্থ "বাংলাদেশ ক্যান্সার সোসাইটি লটারী-২০১৮,চলতি হিসাব নং-১৬২৮৭০২০০০৭৫০, সোনালী ব্যাংক লিঃ, কল্যাণপুর শাখা, মিরপুর, ঢাকা-১২১৬(মোবাইল নং-০১৯৪৭১৫৭৭৫৭)" এই ঠিকানায় প্রেরণ করতে হবে। উক্ত নির্ধারিত তারিখের মধ্যে অবিক্রিত টিকিট ফেরত দেয়া না হলে সরবরাহকৃত সমূদয় টিকিট বিক্রয় হয়েছে বলে গণ্য করা হবে।

(চলমান পাতা-৩)

০৭। আলোচ্য প্রতিষ্ঠানের টিকিট বিক্রয়ের মাধ্যমে ব্যাংকের বিবিধ আয় বাড়ানোর সুযোগ রয়েছে। সুতরাং বরাদ্দকৃত টিকিট বিক্রয়ের কাজে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে সকল টিকিট বিক্রয়পূর্বক তা থেকে কমিশন বাবদ সর্বোচ্চ পরিমাণ আয় অর্জনের পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোঃ মিজানুর রহমান)
উপ মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(২১)/২০১৮-২০১৯/১০৩৯(১২৫০) তারিখঃ ২৪/১২/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৭। অধ্যাপক ডাঃ মোল্লা ওবায়েদুল্লাহ বাকী, সভাপতি, বাংলাদেশ ক্যান্সার সোসাইটি, ১২০/৩-সি, দারুস সালাম(টেকনিক্যাল মোড়), মিরপুর, ঢাকা-১২১৬।
৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

২৪.১২.১৮
( মোঃ নিজামুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক

F/Amin/LotteryTicket-1